তারিখ 29 FEB 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

যুগান্তর

# শিক্ষার মানোন্নয়নে শিক্ষক প্রশিক্ষণের বিকল্প নেই

## —জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ দিক হলো কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ। প্রতিষ্ঠার পর থেকেই বিগত ২৩ বছর ধরে এ কার্যক্রম চালিয়ে আসছে। শিক্ষার মানোন্নয়নে শিক্ষক প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। রোববার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ৯৯তম শিক্ষক প্রশিক্ষণ ব্যাচের ইতিহাস ও অর্থনীতি বিষয়ে ৬৮ জন কলেজ শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. মো. আসলাম ভূঁইয়া ও কোষাধ্যক্ষ অধ্যাপক মো. নোমান উর রশীদ প্রমুখ।